# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৬৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. প্রথম অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

بَابُ الذِّكْرِ بَعْدَ الصَّلَاةِ

## আরবী

وَعَن سعد أَن كَانَ يُعَلِّمُ بَنِيهِ هَؤُلَاءِ الْكَلِمَاتِ وَيَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَتَعَوَّذُ بِهِنَّ دُبُرَ الصَّلَاةِ: «اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْجُبْنِ وَأَعُوذُ بِكَ مِنَ الْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنْ أَرْذَلِ الْعُمُرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الدُّنْيَا وَعَذَاب الْقَبْرِ» . رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

৯৬৪-[৬] সা’দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি তার সন্তানদেরকে দু’আর এ কালিমাগুলো শিক্ষা দিতেন ও বলতেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের পর এ কালিমাগুলো দ্বারা আল্লাহর নিকটে আশ্রয় চাইতেনঃ

’’আল্ল-হুম্মা ইন্নী আ’ঊযুবিকা মিনাল জুবনি, ওয়া আ’ঊযুবিকা মিনাল বুখলি, ওয়া আ’ঊযুবিকা মিন আরযালিল ’উমুরি, ওয়া আ’ঊযুবিকা মিন ফিতনাতিদ্ দুন্ইয়া- ওয়া ’আযা-বিল কবরি’’

(অর্থাৎ হে আল্লাহ! আমি কাপুরুষতা থেকে তোমার কাছে আশ্রয় চাচ্ছি। বখিলী থেকে তোমার নিকট আশ্রয় চাই। নিষ্কর্মা জীবন থেকে তোমার নিকট আশ্রয় চাই। দুনিয়ার ফিতনাহ্ (ফিতনা) ও কবরের শাস্তি থেকে তোমার নিকটে আশ্রয় চাই)। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৮২২, ৬৩৭০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (دُبُرَ الصَّلَاةِ) সালাতের পরে। আর সালাত (সালাত/নামায/নামাজ) যখন সাধারণভাবে উল্লেখ করা হয় তখন তা দ্বারা ফরয সালাত উদ্দেশ্য হয়।

(أَرْذَلِ الْعُمُرِ) নিকৃষ্ট জীবন অর্থাৎ মানুষের যখন প্রকাশ্য ও অপ্রকাশ্য শক্তি কমে যায় ফলে শিশুর মত অবুঝ ও দুর্বল হয়ে পড়ে - আর তা বৃদ্ধাবস্থা - এবং ফরয ‘ইবাদাতসমূহ আদায়ে অক্ষম। এমনকি স্বয়ং পরিষ্কার-পরিচ্ছন্ন হতেও অক্ষম হয়ে যায় এবং অপরের উপর নির্ভরশীল হয়ে পরে। যার ফলে সে মৃত্যু কামনা করে। এমতাবস্থায় যদি তার নিজের পরিবার না থাকে তাহলে তার বিপদ চরমে পৌঁছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন